

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৫০৮) জনৈক হাজী তামাতু' হজ করতে এসে, উমরার তাওয়াফ ও সা'ঈ শেষ করে ইহরাম খুলে সাধারণ পোশাক পরিধান করে নিয়েছে। মাথা মুণ্ডন করে নি বা চুল ছোট করে নি। হজের যাবতীয় কাজ শেষ করার পর এ সম্পর্কে সে জানতে চেয়েছে। এখন তার করণীয় কী?

উত্তর: এ ব্যক্তি উমরার একটি ওয়াজিব কাজ পরিত্যাগ করেছে। তা হচ্ছে, চুল খাটো করা বা মাথা মুণ্ডন করা। বিদ্বানদের মতে তার ওপর ওয়াজিব হচ্ছে ফিদইয়া হিসেবে একটি কুরবানী করা। তা মক্কাতেই আদায় করতে হবে এবং সেখানকার ফকীরদের নিকট তার মাংস বিতরণ করতে হবে। তবেই তার তামাতু' হজ সম্পাদন হবে এবং উমরা বিশুদ্ধ হবে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1182

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন